দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৪৪/২০১৪ — তারিখ ঃ ২৫/০৬/২০১৪ খ্রিঃ

**সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,** — ১১ আষাঢ়, ১৪২১ বাংলা

কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষের সাথে অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের গত ২৬/০৫/২০১৪ খ্রিঃ অনুষ্ঠিত যৌথ সভার কার্যবিবরণী সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

**বিষয় ঃ ২৬-০৫-২০১৪ খ্রিঃ তারিখে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষের সাথে অনুষ্ঠিত চিটাগাং ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন এর সভার কার্যবিবরণী।**

২৬-০৫-২০১৪ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ টায় কাস্টম হাউস, চট্টগ্রামের সম্মেলন কক্ষে কমিশনার অব কাস্টম, কাস্টম হাউস, চট্টগ্রাম জনাব মোঃ মাসুদ সাদিক এর সভাপতিত্বে বিষয়োক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত চিটাগাং ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশনের প্রতিনিধি এবং কাস্টম হাউম, চট্টগ্রামের কর্মকর্তাগণের নাম পরিশিষ্ট-১ এ সংযুক্ত করা হ'ল।

২। সভায় আলোচিত বিষয়াদি ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ঃ

(ক).

| ক্রঃ নং | সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন কর্তৃক উত্থাপিত বিষয়সমূহ | আলোচনার সার সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | বিল অব এন্ট্রি বাতিল না করে আইজিএম সংশোধনের জন্য এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ব্যবস্থা রাখা। | কোন বিল অব এন্ট্রি শুল্কায়ন হওয়ার পর সংশ্লিষ্ট আইজিএম Write off হয়ে যায়। Write off হওয়ার পর বি/এল এ কোন ভুল পাওয়া গেলে কিছু ক্ষেত্র (যেমন- কন্টেইনার নম্বর, কন্টেইনার প্রিফিক্স নম্বর ইত্যাদি) ব্যতিত তা সংশোধন করা সম্ভব হয়না। এক্ষেত্রে বিল অব এন্ট্রি বাতিল করতে হয়। | রাজস্বের পরিমাণ প্রভাবিত করেনা এরূপ কতিপয় ক্ষেত্রে বিল অব এন্ট্রি বাতিল না করে আইজিএম সংশোধনের সিদ্ধান্ত ইতোমধ্যে গৃহীত হয়েছে; আলোচ্য সমস্যা সবিস্তারে তুলে ধরে এ বিষয়ে একটি অফিস আদেশ জারী করার অনুরোধ জানিয়ে প্রকল্প পরিচালক, AWIP বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |
| ২ | শুল্ক গোয়েন্দা কর্তৃক পণ্য চালান ডেলিভারীকালে হয়রানি বন্ধে ব্যবস্থা গ্রহণ। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর কর্তৃক গোপন সংবাদ থাকলে প্রয়োজনবোধে সে সকল পণ্য চালান কাস্টম হাউস কর্তৃপক্ষের সাথে যৌথভাবে পরীক্ষার বিষয়ে মতামত দেয়া হয়। | শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের কর্মকর্তাদের সঙ্গে ইতোমধ্যে বিষয়টি নিয়ে আলোচনা হয়েছে। যৌথভাবে পণ্য পরীক্ষার বিষয়ে পদক্ষেপ গৃহীত হয়েছে। |
| ৩ | বন্ডের আওতায় তৈরী পোশাক কারখানার জন্য আমদানিকৃত পণ্য কায়িক পরীক্ষাকালে ওজন বেশির অজুহাতে হয়রানী। | সাধারণত আমদানিকৃত ফেব্রিকস এর দৈর্ঘ্য উল্লেখপূর্বক ইউডি দাখিল করা হয়। অতএব, কায়িক পরীক্ষায় ওজন বেশি প্রাপ্তির অজুহাতে যেন হয়রানি না করা হয় সে বিষয়ে সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ অনুরোধ জানান। | উল্লিখিত অভিযোগের কারণে এ পর্যন্ত কোন পণ্য চালান আটক করা হয়নি। কায়িক পরীক্ষায় ইউডির বর্ণনা অনুসারে ফেব্রিকস এর দৈর্ঘ্য সঠিক পাওয়া গেলে এবং ওজনে সামান্য পার্থক্য হলে তা রপ্তানির স্বার্থে অনিয়মের আওতায় আনা হবে না। |
| ৪ | শুল্ক মূল্য নির্ধারণের ক্ষেত্রে শুল্ক মূল্যায়ন বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা। | শুল্ক মূল্য নির্ধারণের জন্য শুল্ক মূল্যায়ন বিধিমালা-২০০০ যথাযথভাবে অনুসরণ করার বিষয়ে সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ আন্তরিক হওয়ার জন্য এ দপ্তরকে অনুরোধ করেন। | আমদানি পণ্য শুল্কায়নে শুল্ক মূল্যায়ন বিধিমালা অনুসরণ করা হচ্ছে; এ বিষয়ে সংশ্লিষ্ট সকলে আরও আন্তরিক হবে। |
| ৫ | ভ্যালুয়েশন ডাটা শীট যথাসময়ে না পাওয়া এবং শুল্কায়ন সেকশনে পর্যাপ্ত কাগজ সরবরাহ করণ। | ভ্যালুয়েশন ডাটা শীট যথাসময়ে প্রাপ্তি বিষয়ে সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ এ দপ্তরকে অনুরোধ করেন এবং একই সাথে শুল্কায়ন সেকশনে ভ্যালুয়েশন ডাটা শীট পূরণ করার জন্য পর্যাপ্ত কাগজ ও প্রিন্টার সরবরাহ করার আহ্বান জানান। | ভ্যালুয়েশন ডাটা শীট যথাসময়ে পাওয়া যাচ্ছে এবং শুল্কায়ন সেকশনে পর্যাপ্ত কাগজ ও প্রিন্টার সরবরাহ করা হয়েছে। |

চলমান পৃষ্ঠা-২

| ক্রঃ নং | সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন কর্তৃক উত্থাপিত বিষয়সমূহ | আলোচনার সার সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৬ | ট্রেজারী ও ব্যাংক শাখায় লোকবল বৃদ্ধি ও কম্পিউটার সংযোজনের ব্যবস্থা করণ। | ট্রেজারী ও ব্যাংক শাখায় লোকবল বৃদ্ধি ও কম্পিউটার সংযোজনের ব্যবস্থা করণের জন্য সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ এর নিকট থেকে এ সভায় আহ্বান জানানো হয়। | ট্রেজারী শাখায় পর্যাপ্ত লোকবল এবং কম্পিউটার রয়েছে; ব্যাংক লোকবল এবং কম্পিউটার বৃদ্ধির ব্যবস্থা গ্রহন করবে। |
| ৭ | এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ইউজার আইডির মাধ্যমে বিল অব এন্ট্রি সংশ্লিষ্ট এআরও এর নাম দেখার বিধান রাখা। | এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে ইউজার আইডির মাধ্যমে বিল অব এন্ট্রি সংশ্লিষ্ট এআরও এর নাম দেখার বিধান রাখার জন্য সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ এর নিকট থেকে এ সভায় আহ্বান জানানো হয়। উল্লেখ্য, এ্যাসাইকুডা++ সিস্টেমে এআরও এর নামে আইডি প্রদান করা হতো কিন্তু এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এআরও এর ই-মেইল একাউন্টের বিপরীতে ইউজার আইডি প্রদান করা হয়। | এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের সমন্বয় সভায় বিষয়টি উত্থাপন করা যেতে পারে। |
| ৮ | জেনারেল বন্ডের পণ্য চালানের বিল অব এন্ট্রির বিপরীতে শুল্ক করাদি প্রিপ্রেইড এ্যাকাউন্টের মাধ্যমে পরিশোধের আদেশ প্রদান। | জেনারেল বন্ডের পণ্য চালানের বিল অব এন্ট্রির বিপরীতে শুল্ক করাদি প্রিপেইড একাউন্টের মাধ্যমে পরিশোধের আদেশ প্রদানের জন্য সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ এর নিকট থেকে এ সভায় আহ্বান জানানো হয়। | জেনারেল বন্ডের পণ্য চালানের বিল অব এন্ট্রির বিপরীতে প্রাপ্যতা যাচাই করে শুল্কায়ন করা হয় বিধায় তা প্রিপেইড একাউন্টের মাধ্যমে পরিশোধের সুবিধা দেয়া হবেনা। |
| ৯ | হেডিং নম্বর ৮৪১৫ হতে ৮৪১৮ ভুক্ত পণ্যসমূহকে রেড সিলেকশন/ বাধ্যতামূলক কায়িক পরীক্ষা হতে অব্যাহতি প্রদান। | হেডিং নম্বর ৮৪১৫ হতে ৮৪১৮ ভুক্ত পণ্যসমূহকে রেড সিলেকশন/ বাধ্যতামূলক কায়িক পরীক্ষা হতে অব্যাহতি প্রদান করার জন্য সিএন্ডএফ এজেন্ট নেতৃবৃন্দ এ দপ্তরকে অনুরোধ জানান। | ব্যবসায় বান্ধব পরিবেশ সৃষ্টির লক্ষ্যে শতভাগ কায়িক পরীক্ষার জন্য নির্বাচিত হেডিং নম্বর ৮৪১৫ হতে ৮৪১৮ ভুক্ত পণ্য চালানের উল্লেখযোগ্য সংখ্যক কন্টেইনার 2nd Appraisement পদ্ধতিতে খালাসের অনুমতি প্রদান করা হয়ে আসছে। |

(খ).

| ক্রঃ নং | কাস্টমস কর্তৃক উত্থাপিত বিষয়সমূহ | আলোচনার সার সংক্ষেপ | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | সিএন্ডএফ এজেন্টকে সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক লেটার অব অথরাইজেশন প্রদানের বিষয়টি যথাযথ বাস্তবায়ন। | আমাদনিকারক তার মনোনীত সিএন্ডএফ কে লেটার অব অথরাইজেশন প্রদান করার ক্ষেত্রে The Custom Act, 1969 এর Section 208 অনুযায়ী আইনগত বাধ্যবাধকতা রয়েছে। জাল জালিয়াতি রোধকল্পে বিষয়টি নিশ্চিত করা অতীব জরুরী। | সিএন্ডএফ এজেন্টকে আমাদনিকারক প্রদত্ত লেটার অব অথরাইজেশন দেখে শুল্কায়ন কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিল অব এন্ট্রি শুল্কায়ন করবেন। |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসিুদ সাদিক)
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোন ঃ ০৩১-৭১৩৯১৮।

নথি নং-এস-২-৪০/বিবিধ/সাবটিম-১২/০১-০৮(অংশ-২)/৭২৯৭(৬)কাস তারিখঃ ২৩/৬/১৪